দৈনিক
ইনকিলাব

তারিখ 19 JAN 2015
পৃষ্ঠা ১৭ কলাম 2



বাসে অগ্নিদগ্ধ ইডেন কলেজের দুই শিক্ষার্থীকে গতকাল ঢামেক হাসপাতালে দেখতে যান শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ -ইনকিলাব

# অবিলম্বে সন্ত্রাসী কর্মকাণ্ড বন্ধ করুন

## —শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, চলমান জ্বালাও-পোড়াওয়ের রাজনীতি দিয়ে জাতির কোনো মঙ্গল আসতে পারে না। এসব গুপ্ত হামলা করে নাশকতা ও ভয়ভীতি সৃষ্টি করা সম্ভব হলেও বিরোধীদলের কোনো সুফল আসবে না। এগুলো ভাড়াটে হামলা। তিনি অবিলম্বে এসব সন্ত্রাসী কর্মকাণ্ড বন্ধ করার আহ্বান জানান। একই সঙ্গে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের লেখাপড়া, পরীক্ষা, ফর্মফিলাপ নস্যাৎ না করে ইতিবাচক রাজনীতিতে ফিরে আসার জন্য শিক্ষামন্ত্রী বিরোধী দলের প্রতি আহ্বান জানান।

গতকাল ঢাকা মেডিকেল কলেজের বার্ণ ইউনিটে পেট্রোল বোমায় দগ্ধ ইডেন কলেজের দুই ছাত্রীকে দেখতে গিয়ে উপস্থিত সাংবাদিকদের তিনি এ কথা বলেন। শারমিন আকতার যুঁথি ও সাথী ইসলাম নামের এই দুই ছাত্রী পাবলিক বাসে বাসায় ফেরার পথে পেট্রোল বোমায় পুড়ে আহত হন। তারা বর্তমানে ঢাকা মেডিকেল কলেজের বার্ণ ইউনিটে চিকিৎসাধীন। এ ঘটনায় আরো দু'জন ছাত্রী বাস থেকে লাফিয়ে পড়ায় আহত হন। শিক্ষামন্ত্রী আহত ছাত্রীদের সান্ত্বনা দেন। একই সঙ্গে কর্তব্যরত চিকিৎসকের কাছে তাদের চিকিৎসার খোঁজ-খবর নেন। এ সময় তিনি ছাত্রীদের অভিভাবকদের সাথেও কথা বলেন।